# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৩৫

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক মাদীনার জন্য দ্বিগুণ বারাকাহ চাওয়া প্রসঙ্গে বর্ণনা

## ذِكْرُ سُؤَالِ الْمُصْطَفَى صلى الله عليه وسلم تَضْعِيفَ الْبَرَكَةِ فِي الْمَدِينَةِ

আরবী

3735 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا ابْنُ عُلَيَّةَ عَنْ عَلِيِّ بْنِ الْمُبَارَكِ أَخْبَرَنَا يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ حَدَّثَنَا أَبُو سَعِيدٍ مَوْلَى الْمَهْرِيِّ: عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ: (اللَّهُمَّ بَارِكْ لَنَا فِي مُدِّنَا وصاعنا واجعل مع البركة بركتين)

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3735 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (3997): م.

قَالَ أَبُو حَاتِمٍ: أَبُو سَعِيدٍ مَوْلَى الْمَهْرِيِّ مِنْ أَهْلِ مِصْرَ؛ اسْمُهُ: بَكْرُ بْنُ عَمْرٍو.

وَأَبُو سَعِيدٍ الْمَقْبُرِيُّ مِنْ أَهْلِ الْمَدِينَةِ: اسْمُهُ كَيْسَانُ مَوْلَى بَنِي لَيْثٍ: ثِقَتَانِ مَأْمُونَانِ رَوَيَا جَمِيعًا عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ.

বাংলা

৩৭৩৫. আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “হে আল্লাহ, আপনি আমাদের মুদ ও সা‘তে বারাকাহ দিন এবং এই বারাকাহর সাথে দ্বিগুণ বারাকাহ দান করুন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেছেন, “মাহরীর আজাদকৃত দাস আবূ সাঈদ মিসরের অধিবাসী। তার নাম বাকর বিন আমর। আর আবূ সাঈদ মাকবূরী মাদীনার অধিবাসী। তার নাম কাইসান, তিনি বানূ লাইস গোত্রের আজাদকৃত গোলাম। তারা দুইজনই নির্ভরযোগ্য ও নিরাপদ রাবী। তারা দুইজনই আবূ সাঈদ খুদরী

রাদ্বিয়াল্লাহু আনহু থেকে হাদীস বর্ণনা করেছেন।”

## ফুটনোট

[1] আবূ ইয়ালা: ১২৮৪; সহীহ মুসলিম: ১৩৭৪; মুসনাদ আহমাদ: ৩/৯১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৯২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=93072

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন